# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## অর্ধ-বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ ৭ম** **বিষয় ঃ বাংলা (বহুনির্বাচনী)**

**সময় ঃ ৩০ মিনিট** **পূর্ণমান ঃ ৩০**

নিচের উদ্দীপকটি পড়ে ১ ও ২নং প্রশ্নের উত্তর দাও-

ফাতেমা চৌধুরী অফিসে যাওয়ার পথে প্রায়ই একটি পথ শিশুকে রাস্তায় শুয়ে থাকতে দেখেন। একদিন তিনি তাকে কিছু টাকা দিতে চাইলে সে ভয়ে পালিয়ে যায়। কয়েকদিনের চেষ্টায় ছেলেটি তার সাথে নানা গল্পে মেতে উঠেন। এখন প্রায় দিনই তিনি ছেলেটির জন্য বাসায় তৈরি খাবার নিয়ে আসেন। তবে কখনো তার দেখা না পেলে খুব চিন্তিত হয়ে উঠেন।

১। উদ্দীপকের ফাতেমা চৌধুরীর সাথে 'কাবুলিওয়ালা'- গল্পের কোন চরিত্রের মিল আছে?

ক) রহমত　খ) রমাদয়াল　গ) লেখক　ঘ) মিনি

২। উদ্দীপকে 'কাবুলিওয়ালা'-গল্পের কোন দিকটি ফুটে উঠেছে?

i) সন্তান বাৎসল্য　ii) সহমর্মিতা　iii) সহযোগিতা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii　খ. i ও iii　গ. ii ও iii　ঘ. i, ii ও iii

৩। নিচের কোন বাক্যে ২য়া বিভক্তির ব্যবহার হয়েছে?

ক) শিমুকে যেতে হবে　খ) সজল গান গায়

গ) দেশের সেবা করঘ) রাজায় রাজায় যুদ্ধ

৪। বনে বাঘ থাকে। কোন কারকের ৭মী বিভক্তির উদাহরণ?

ক) কর্তৃ　খ) অধিকরণ　গ) অপাদান　ঘ) কর্ম

৫। 'তর' ও 'তম' প্রত্যয় দুটি যুক্ত হয় কোন রীতিতে?

ক) বাংলা　খ) সংস্কৃত　গ) দেশি　ঘ) বিদেশি

৬। উপসর্গের কাজ-

i) নতুন শব্দ গঠন করা　ii) অর্থের পরিবর্তন কার

iii) অর্থের সম্প্রসারণ করা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii　খ. i ও iii　গ. ii ও iii　ঘ. i, ii ও iii

৭। ভিক্ষুককে ভিক্ষা দাও। কোন কারকের উদাহরণ?

ক) কর্তৃকারক　খ) কর্ম কারক　গ) করণ কারক　ঘ) সম্প্রদান কারক

৮। কবিতা লিখতে হলে প্রথমেই কোনটি জানতে হবে?

ক) কথা　খ) কৌশল　গ) শব্দ　ঘ) ছন্দ

নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও-

চপল পায়, কেবল গাই
কেবল গাই পরির গান
পুলক মোর সকল প্রাণ

৯। কবিতাংশে 'শব্দ থেকে কবিতা' প্রবন্ধের কবিতা রচনার কোন দিকটির পরিচয় পাওয়া যায়?

ক) শব্দ প্রয়োগ　খ) ছন্দের ব্যবহার　গ) সাবলীল ভাষা　ঘ) উপমার প্রয়োগ

১০। উপযুক্ত বিষয়টি নিচের কোন কথাটির সঙ্গে সর্ম্পযুক্ত?

ক) ছবিও আরও রঙিন　খ) দুলে দুলে আসছে

গ) খেলতে শব্দের খেলা　ঘ) যত পার দেখ

১১। শুধু স্বপ্নেই সেসব বেচাকেনা চলে এ বাক্যে বেচা-কেনা কী অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) বিনিময়　খ) ক্রয়-বিক্রয়　গ) দেনা-পাওনা　ঘ) আদান-প্রদান

১২। বিভক্তি কত প্রকার?

ক) ২　খ) ৩　গ) ৪　ঘ) ৫

১৩। নাম পদের সাথে যুক্ত হয়-

ক) শব্দ বিভক্তি　খ) ক্রিয়া বিভক্তি　গ) শূন্য বিভক্তি　ঘ) অর্থ বিভক্তি

১৪। কর্তা যার সাহায্যে ক্রিয়া সম্পাদন করে তাকে কী বলে?

ক) কর্ম কারক　খ) কর্তৃ কারক　গ) করণ কারক　ঘ) অপাদান কারক

১৫। সমুদ্র জলে লবণ হয়- কোন কারকে কোন বিভক্তি?

ক) অধিকরণে ৭মী　খ) অপাদানে ৭মী　গ) করণে ৭মী　ঘ) সম্প্রদানে ৭মী

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও।

আম্মা বলেছেন সত্যবাদিতা মুশকিল আসান করে। এখন বলুনতো তার কথা অমান্য করে কীভাবে আপনাকে মিথ্যা কথা বলি?

১৬। উলেখিত উদ্ধতির সাথে হযরত আব্দুল কাদির জিলানী (র) এর কোন দিকটির সাদৃশ্য আছে?

ক) সত্যবাদিতা　খ) মায়ের কথা মান্য করা

গ) সত্যের প্রতি স্থির থাকা　ঘ) উদারতা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii　খ. i ও iii　গ. ii ও iii　ঘ. i, ii ও iii

১৭। হযরত আব্দুল কাদির এর নামের সাথে জিলানী সংযুক্ত হয় কীভাবে?

ক) আরবদের নামকরনের প্রথানুযায়ী খ) জিলানের বাসিন্দা বলে

গ) পিতা মাতা নাম রাখার কারণে ঘ) কোনটিই নয়

১৮। বিশ্বের সেরা শিক্ষা প্রতিষ্ঠান ছিল কোনটি?

ক) নিজামিয়া মাদরাসা খ) আলিয়া মাদরাসা

গ) জামেয়া ঘ) জামেয়া আল আজহার

১৯। 'আমার বাড়ি' কবিতায় কোন ধানের চিড়ার কথা বলা হয়েছে?

ক) শালি খ) আমন গ) বোরো ঘ) বিন্নি

২০। সর্বাঙ্গে ব্যথা ঔষধ দিব কোথা? কোন কারকে কোন বিভক্তি?

ক) অধিকরণে ৭মী খ) অপাদানে ৭মী গ) কর্তায় ৭মী ঘ) কর্ম কারকে ৭মী

২১। গঠনানুসারে শব্দ কত প্রকার?

ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

২২। প্রত্যয় প্রধানত কত প্রকার?

ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ

২৩। খাঁটি বাংলা উপসর্গ কয়টি?

ক) ১৮টি খ) ১৯টি গ) ২০টি ঘ) ২১টি

২৪। আপন কাজে কঠোর হওয়ার শিক্ষা দেয় কোনটি?

ক) পাহাড় খ) পাষাণ গ) ঝরণা ঘ) মাটি

২৫। উপসর্গ কয় প্রকার?

ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও-

যখন মানবকুল ধনবান হয়
তখন তাদের শির সমুন্নত রয়,
কিন্তু ফলশালী হলে এই তরুগণ
অহংকারে উচ্চশির না করে যখন।

২৬। উদ্দীপকের সাথে 'সবার আমি ছাত্র' কবিতার সঙ্গতি পূর্ণ চরণ-

i) শ্যাম বনানী সরসতা আমায় দিল ভিক্ষা

ii) মাটির কাছে সহিষ্ণুতা পেলাম আমি শিক্ষা

iii) আকাশ আমায় শিক্ষা দিল উদার হতে ভাইরে

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

২৭। উদ্দীপকে 'সবার আমি ছাত্র' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?

ক) নত না হওয়া খ) শিক্ষা অর্জন করা

গ) মিলে মিশে থাকাঘ) উদ্ধত না হওয়া

২৮। 'আমার বাড়ি' কবিতাটি কে লেখেছেন?

ক) জসিম উদ্দীন খ) কাজী নজরুল ইসলাম

গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) ফররুখ আহমদ

নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও।

জীবনদানের প্রতিজ্ঞা লয়ে লক্ষ সেনা পাছে
তোমার হুকুম তামিলের লাগি সাথে তব চলিয়েছে।

২৯। কবিতাংশের 'তোমার হুকুম' শোন একটি মুজিবরের থেকে' কবিতার কোন চরিত্রের সাথে সাদৃশ্য পূর্ণ?

ক) গৌরী প্রসন্ন মজুমদাদর খ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

গ) কাজী নজরুল ইসলাম ঘ) জীবনানন্দ দাস

৩০। উপযুক্ত সাদৃশ্যের কারণ, তিনি

i) বাঙালি জাতির পিতা ii) স্বাধীনতার স্বপ্ন- দ্রষ্টা

iii) বাঙালির অবিসংবাদিত নেতা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## অর্ধ-বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ ৭ম বিষয় ঃ বাংলা (সৃজনশীল)**

**সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান ঃ ৭০**

## সৃজনশীল-৪০

[গদ্য থেকে ২টি পদ্য থেকে ২টি মোট চারটি প্রশ্নের উত্তর দিতে হবে]

**গদ্যাংশ**

১। প্রেসিডেন্ট হয়েও প্রতিদিন পাবলিক বাসে তিনি অফিসে যান। সকলের সাথে দাঁড়িয়ে অফিসে যেতে তার কোন দ্বিধা নেই। তার বাসায় নেই দামি কোন আসবাবপত্র। বাসায় গেলে মনে হবে কোনো গরিব লোকের বাসা এটি

ক) কে নিজেকে সাধারণ মানুষ মনে করতেন? ১

খ) 'হযরত মুহাম্মদ (স.) মানবতার গৌরব'- কেন ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের প্রেসিডেন্ডের সাথে 'মরু-ভাস্কর' প্রবন্ধের মুহাম্মদ (স.) এর জীবনের কোন সাদৃশ্য বিদ্যমান? ৩

ঘ) উদ্দীপকের আলোকে মুহাম্মদ (স.)-এর অনাড়ম্বর জীবনের স্বরূপ বিশ্লেষণ কর। ৪

২। নদী মাতৃক বাংলাদেশের প্রকৃতি শফিককে মুগ্ধ করেছে। নদী ও বাংলাদেশ বিষয়ে ছবি আঁকার পেছনে একটাই কারণ তা হলো শফিক স্বপ্ন দেখে নদী ও বাংলাদেশের।

ক) 'চমকপ্রদ' শব্দের অর্থ কী? ১

খ) কবিতা লেখার জন্য অভিজ্ঞতা দরকার কেন? ২

গ) উদ্দীপকটি 'শব্দ থেকে কবিতা' প্রবন্ধের মূল ভাবের সাথে কতটুকু সামঞ্জস্যপূর্ণ তা বুঝিয়ে লেখ। ৩

ঘ) 'শফিক স্বপ্ন দেখে নদী ও বাংলাদেশের'- উক্তিটি 'শব্দ থেকে কবিতা' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। শেরে বাংলা এ কে ফজলুল হক বাঙালি কৃতি সন্তানদের মধ্যে অন্যতম। ছেলেবেলা থেকে প্রখর মেধাবী এ ব্যক্তিত্ব পরিপূর্ণ বয়সে গণমানুষের দরদী নেতায় পরিণত হন। তাঁর অক্লান্ত প্রচেষ্টায় জমিদারি কর ব্যবস্থা বাতিল হয়। প্রজাদের ওপর শোষণ অত্যাচার কমে আসে। তাঁর সাহসি, সৎ গুণাবলির জন্য তিনি 'বাংলার বাঘ' খেতাবে ভূষিত হন।

ক) কত বছর বয়সে আব্দুল কাদির জিলানি (র) মক্তবের পাঠ শেষ করেন? ১

খ) আব্দুল কাদির জিলানি (র) এর পরিবারের অর্থনৈতিক অবস্থা কেমন ছিল? ২

গ) শেরে বাংলা এ কে ফজলুল হকের চারিত্রিক গুণাবলি কোনোভাবে কি আব্দুল কাদের জিলানি (র) এর চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'হযরত আব্দুল কাদির জিলানি (র)' শীর্ষক রচনার মূলভাব ফুটিয়ে তুলতে উদ্দীপকটি সার্থক কিনা তা বিশ্লেষণ কর। ৪

**পদ্যাংশ**

৪। তুমি যাবে ভাই- যাবে মোর সাথে, আমাদের ছোট গাঁয়,
গাছের ছায়ায় লতায় পাতায় উদাসী বনের বায়,
মায়া মমতায় জড়াজড়ি করি
মোর গেহখানি রহিয়াছে ভরি
মায়ে বুকেতে, বোনের আদরে, ভায়ের স্নেহের ছায়।

ক) জসীম উদ্দীন কখন জন্মগ্রহণ করেন? ১

খ) 'আমার বাড়ি' কবিতায় কবি বন্ধুকে আমন্ত্রণ জানিয়েছেন কেন? ২

গ) উদ্দীপকের প্রথম চরণের সাথে 'আমার বাড়ি' কবিতার কোন অংশের মিল আছে ৩

ঘ) উদ্দীপক ও 'আমার বাড়ি' কবিতার ভাবার্থ কি এক? বিশ্লেষণ কর। ৪

৫। যতদিন রবে পদ্মা-যমুনা-গৌরী, মেঘনা বহমান ততোদিন রবে কীর্তি তোমার শেখ মুজিবুর রহমান।

ক) নজরুলের বাংলাদেশ-এখানে বাংলাদেশ কী? ১

খ) 'শিল্পে-কাব্যে কোথায় আছে/হায়রে এমন সোনার খনি।'-বুঝিয়ে লিখ। ২

গ) উদ্দীপকে 'শোন একটি মুজিবরের থেকে' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে 'শোন একটি মুজিবরের থেকে' কবিতার একটি মাত্র দিক ফুটে উঠেছে।" আলোচ্য উক্তিটির মূল্যায়ন কর। ৪

৬। লাইব্রেরি এমন এক স্থান যেখানে বসে মানুষ সব রকম বিষয়ে জ্ঞান অর্জন করতে পারে। এখানে, প্রকৃতি, বিজ্ঞান, সাহিত্য সকল বিষয়ের বিভিন্ন ধরনের বই পাওয়া যায়। মানুষ এসব বই পড়ে অজানাকে জানতে পারে, নিজের জীবন গড়ে তুলতে পারে।

ক) পাষাণ অর্থ কী? ১

খ) 'শিখছি সে-সব কৌতূহলে সন্দেহ নাইমাত্র'-কীসের সন্দেহ নেই? ২

গ) উদ্দীপকের লাইব্রেরি 'সবার আমি ছাত্র'-কবিতার কীসের সাথে তুলনীয়? ৩

ঘ) 'সবার আমি ছাত্র' কবিতায় কবির বিশ্ব-জোড়া পাঠশালা মন্তব্যটির মূল্যায়ন কর। ৪

৭। ভাব-সম্প্রসারণ লেখ (১টি) ৫

ক) নানান দেশের নানান ভাষা
বিন স্বদেশী ভাষা মিটে কি আশা?

খ) লাইব্রেরি জাতির সভ্যতা ও উন্নতির মানদণ্ড।

৮। সারাংশ/সারমর্ম লেখঃ (১টি) ৫

ক) সারাংশঃ

অপরের জন্য তুমি প্রাণ দাও, আমি তা বলতে চাইনা। অপরের ক্ষুদ্র-ক্ষুদ্র দুঃখ তুমি দূর করো। অপরকে একটু খানি সুখ দাও। একটু মিষ্টি কথা বলো। অসহায় মানুষের দিকে একটু করুণ চাহনি নিক্ষেপ করো, তাহলেই অনেক হবে। চরিত্রবান, মানবতা সম্পন্ন মানুষ নিজের চেয়ে পরের অভাব বেশি অধীর হন, পরের দুঃখকে ঢেকে রাখতে গৌরব বোধ করেন।

খ) সারমর্মঃ

কোথায় স্বর্গ, কোথায় নরক? কে বলে তা বহুদূর?
মানুষের মাঝে স্বর্গ নরক-মানুষেতে সুরাসুর-
রিপুর তাড়নে যখনি মোদের বিবেক পায়গো লয়,
আত্মগ্লানির নরক অনলে তখনি পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পূণ্য বাঁধনে যবে মিলি পরস্পরে
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরই কুঁড়েঘরে।

৯। যে কোন ১টি প্রশ্নের উত্তর দাও- ৫

ক) তারপর ফিরে এসে যখন শুনলো, লাল গরুকে নিয়ে গেছে, তখন বিশুর কী কান্না। সবার মুখ ভার। সেদিন বাড়ির কারুই ভালো করে খাওয়া হলো না। কিন্তু নিধিরামকে কেউ কিছু বললোনা। বললে সে রেগে উঠত। রাগবার জন্য সে তৈরিও ছিল। কিন্তু কেউ তাকে সে সুযোগ দিলো না। কী আশ্চর্য, এমন যে তেজস্বী নিধিরাম, সে যেন ঠান্ডা জল হয়ে গেল।

ক) কী কোন পদ?

খ) কী বানান ভেদে কী ধরনের তারতম্য ঘটে?

গ) অনুচ্ছেদ থেকে ক্রিয়া পদগুলো বের কর।

ঘ) অনুচ্ছেদে ক্রিয়াপদের বানানে অ/ও সংক্রান্ত নিয়মটির প্রয়োগ ঘটেছে কীভাবে?

খ) চরিত্র মানব জীবনের অমূল্য সম্পদ। চরিত্রহীন মানুষকে কেউ পছন্দ করেনা। বড় হলে আগে তাকে চরিত্রবান হতে হবে। চরিত্রবান ব্যক্তি আল্লাহর কাছে খুব প্রিয় হয়। পৃথিবীতে সকল মহামানবই উত্তম চরিত্রের অধিকারী ছিলেন।

ক) 'চরিত্র' শব্দের আরবি কী?

খ) কারা উত্তম চরিত্রের অধিকারী ছিলেন?

গ) কয়েকজন উত্তম চরিত্রের অধিকারী ব্যক্তির নাম লিখ।

ঘ) উত্তম চরিত্র বিহীন কেউ সফল হতে পারে না- ব্যাখ্যা কর।

১০। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও- ৫

ক) তোমার জীবনের লক্ষ্য কী জানিয়ে বড় ভাইকে চিঠি লিখ।

খ) মাদরাসায় সুপেয় পানির ব্যবস্থা করার জন্য প্রধান শিক্ষকের নিকট আবেদন কর।

১১। যে কোন ১টি রচনা লিখ। ১০

ক) আমাদের পতাকা খ) জাতীয় কবি কাজী নজরুল ইসলাম

গ) আমাদের গ্রাম ঘ) আমাদের চার পাশের প্রকৃতি